# বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

**শিল্প মন্ত্রণালয়**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১১৬ (খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন: ০২-৫৫০৩০০৫৭, ০২-৫৫০৩০০৪৬, ওয়েবসাইট : www.bitac.gov.bd


স্মারকনং-৩৬.০৬.০০০০.০২৫.১৪.০১০.১৯ (১১)/

তারিখ: ০২ মাঘ ১৪৩০ / ১৬ জানুয়ারী ২০২৪

উপজেলা নির্বাহী কর্মকর্তা

**বিষয়ঃ বিনা খরচে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানসহ শিল্প কারখানায় চাকরি প্রদান প্রসঙ্গে।**

বাংলাদেশ ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ দেশে পরিণত হওয়ার-পাশাপাশি ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ণের অভিযাত্রায় দেশকে সামনের দিকে এগিয়ে নেয়ার জন্য অন্যতম বিষয় হচ্ছে দক্ষ মানব সম্পদ তৈরী ও কর্ম-সংস্থান সৃষ্টি। জতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা ২০১১ ও জাতীয় যুব নীতিমালা ২০১৭ ও বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে ঘরে ঘরে চাকুরি দেওয়ার প্রতিশ্রুতি বাস্তাবয়নের লক্ষ্যে বিটাক কর্তৃক "হাতে-কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণ পূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন ফেজ-২" শীর্ষক প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে।

উক্ত প্রকল্পের আওতায় দেশের প্রত্যন্ত অঞ্চলের সুবিধা বঞ্চিত, হতদরিদ্র বেকার ৭৫৬০ জন নারী এবং ৭৪৪০ জন পুরুষসহ ৫ বছরে সর্বমোট ১৫০০০ হাজার প্রশিক্ষণার্থীকে পর্যায়ক্রমে বিটাক ঢাকা, চট্রগ্রাম, খুলনা, বগুড়া ও চাঁদপুর কেন্দ্রে কারিগরী প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ শেষে কর্ম-সংস্থান ও উদ্যোক্তা হিসেবে স্বাবলম্বী হওয়ার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত প্রোগ্রামের পরবর্তী ব্যাচ আগামী ০১/০৪/২০২৪ ইং তারিখে শুরু হবে।

**প্রশিক্ষণে সুযোগ-সুবিধা সমূহঃ**

১। প্রশিক্ষন ফি, প্রশিক্ষণার্থীদের থাকা-খাওয়া ও যাতায়ত ভাতা ইত্যাদি সরকার কর্তৃক বহন করা হবে। ২। প্রশিক্ষণ শেষে বিভিন্ন শিল্প কারখানায় চাকুরীর সুযোগ রয়েছে। ৩। প্রকল্পের অধীনে আবাসনের সম্পূর্ণ সুযোগ রয়েছে। আবাসন ব্যবস্থা গ্রহণ সকলের জন্য বাধ্যতামূলক।

**আবেদনের নিয়মাবলীঃ**

১। আবেদনপত্র বিটাক এর ওয়েবসাইট **www.bitac.gov.bd** থেকে সংগ্রহ করা যাবে অথবা বিনামূল্যে বিটাক ঢাকা, চট্রগ্রাম, খুলনা, বগুড়া ও চাঁদপুর কেন্দ্র থেকে সংগ্রহ করা যাবে। এছাড়াও বর্নিত লিংক **(http://admission.bitacserver.space/admission)** এর মাধ্যমে সরাসারি অনলাইনে আবেদন করা যাবে।

২। **আবেদনের যোগ্যতাঃ** আবেদনকারীর বয়স অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে এবং ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেনী বা সমমান পাস হতে হবে। অনলাইন জন্ম নিবন্ধন সনদ/ জাতীয় পরিচয় পত্র, ১ কপি ছবি বরাবর প্রকল্প পরিচালক, বাংলাদেশ শিল্প কারগরি সহায়তা কেন্দ্র (বিটাক), ১১৬ (খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে অথবা সরাসরি জমা দেয়া যাবে।

৩। চূড়ান্ত মনোনীত প্রার্থীকে নির্দিষ্ট ঠিকানায় চিঠি, মোবাইল এস এম এস ও টেলিফোন এর মাধ্যমে অবগত করা হবে। নির্বাচিত প্রশিক্ষণার্থীকে ভর্তির সময় নিজের ২ (দুই) কপি এবং তার বৈধ অভিভাবকের ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি সাথে আনতে হবে।

৪। যে সকল প্রার্থীদের প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে বিশেষ বিবেচনায় গুরুত্ব দেয়া হয়ঃ- (ক) সমাজের অসহায়, হতদরিদ্র ও মেধাবী পুরুষ ও নারী। (খ) বিধবা ও তালাকপ্রাপ্ত মহিলাদের অগ্রাধিকার দেয়া হয়। (গ) যারা চাকরি করতে ইচ্ছুক। দেশের বিভিন্ন জেলা, উপজেলা ও অনগ্রসর/ সীমান্ত/ উপকূলীয় অঞ্চলসমূহের বেকার নারী ও পুরুষ জনগোষ্ঠীকে অগ্রাধিকার দেয়া হয়ে থাকে।

**বিটাক কর্তৃক পরিচালিত সেপা ফেজ-২ প্রকল্পে প্রশিক্ষণে অংশ গ্রহণের জন্য আপনার উপজেলায় প্রয়োজনীয় প্রচার ও যথাযথ সহযোগিতার মাধ্যমে প্রশিক্ষণার্থী সংগ্রহ করে প্রেরণের জন্য বিশেশভাবে অনুরোধ রইল।**

( মোঃ ইকবাল হোসেন পাটোয়ারী )
প্রকল্প পরিচালক ,সেপা ফেজ-২ প্রকল্প
বিটাক, ঢাকা।
ফোনঃ ০২-৫৫০৩০০৫১

**সংযুক্তি:** ১। এক কপি আবেদনপত্র (ফটোকপি করে ব্যবহার করা যাবে)।
২। ব্রোশিয়র ২ কপি।
৩। পত্রিকার বিজ্ঞাপন কপি।
৪। পোস্টার ২ কপি।

# বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১১৬ (খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন : ০২-৫৫০৩০০৫৭, ০২-৫৫০৩০০৪৬, ওয়েবসাইট : www.bitac.gov.bd

## প্রশিক্ষণ সংক্রান্ত ভর্তি বিজ্ঞপ্তি

| ঢাকা কেন্দ্র প্রশিক্ষণ ট্রেডসমূহ (আবাসিক) নারী | চট্টগ্রাম কেন্দ্র ট্রেডসমূহ | খুলনা কেন্দ্র ট্রেডসমূহ | বগুড়া কেন্দ্র ট্রেডসমূহ | চাঁদপুর কেন্দ্র ট্রেডসমূহ (আবাসিক) পুরুষ |
|---|---|---|---|---|
| মেশিন শপ<br>ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স<br>মোবাইল সার্ভিস/মেইনটেন্যান্স<br>অটোক্যাড<br>হাউজহোল্ড এ্যাপ্লায়েন্স মেইনটেন্যান্স রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন হ্যান্ডিক্রাফট<br>প্লাস্টিক প্রসেসিং (জেনারেল)<br>প্লাস্টিক প্রসেসিং (কাস্টমাইজ) | পুরুষদের প্রশিক্ষণ ট্রেডসমূহ (আবাসিক)<br>ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স<br>রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন<br>ওয়েল্ডিং (আর্ক এন্ড গ্যাস) | পুরুষদের প্রশিক্ষণ ট্রেডসমূহ (আবাসিক)<br>ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স<br>রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন<br>ওয়েল্ডিং (আর্ক এন্ড গ্যাস) | পুরুষদের প্রশিক্ষণ ট্রেডসমূহ (আবাসিক)<br>ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স<br>রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন<br>ওয়েল্ডিং (আর্ক এন্ড গ্যাস) | ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স মেশিন সপ ওয়েল্ডিং (আর্ক এন্ড গ্যাস) |
| | নারীদের প্রশিক্ষণ ট্রেডসমূহ (আবাসিক)<br>ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স<br>রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন মোবাইল সার্ভিস/মেইনটেন্যান্স | নারীদের প্রশিক্ষণ ট্রেডসমূহ (আবাসিক)<br>ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স<br>রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন<br>মোবাইল সার্ভিস/মেইনটেন্যান্স | নারীদের প্রশিক্ষণ ট্রেডসমূহ (আবাসিক)<br>ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স<br>রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন মোবাইল সার্ভিস/মেইনটেন্যান্স | |
| ঠিকানাঃ বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), ১১৬ (খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮<br>ফোনঃ +৮৮-০২-৫৫০৩০০৫১<br>মোবাইলঃ ০১৬২১২৩৭৯৩৯<br>ই-মেইল: bitac.sepahq@gmail.com www.bitac.gov.bd | ঠিকানাঃ সাগরিকা রোড, পাহাড়তলী চট্টগ্রাম-৪২১৯<br>ফোনঃ ০২-৪৩১৫০০০৩<br>মোবাইলঃ ০১৮২৪৪০৮২২৮<br>ই-মেইল: bitac.ctg@gmail.com | ঠিকানাঃ প্লট নংঃ আর ১-৪ শিরোমনি শিল্প এলাকা ডাকঘরঃ শিরোমনি, খুলনা-৯২০৪<br>ফোনঃ ০২-৪৭৭৭০৭০৪৬, ০২-৪৭৭৭০৭১৫৩<br>মোবাইলঃ ০১৭৩২৭৭৯০৮০<br>ই- মেইল: bitackhl@gmail.com | ঠিকানাঃ শান্তাহার রোড, কারবালা, নিশিন্দারা, বগুড়া-৫৮০০<br>ফোনঃ ০২-৫৮৮৮১৩৩৫১, ০২-৫৮৮৮১৩৩৫৪<br>মোবাইলঃ ০১৭৫৫৪৪৪৮০৩<br>ই- মেইলঃ bitac_bogra@gmail. com | ঠিকানাঃ কুমিল্লা রোড, জিপিও বক্স নংঃ ১০ ষোলঘোর, চাঁদপুর-৩৬০০<br>ফোন: ০২-৩৩৪৪৮৭৪৪০<br>মোবাইলঃ ০১৬১৭৭৪২১৭২<br>ই-মেইল: bitac.cdr@gmail.com |

| | |
|---|---|
| **পরবর্তী কোর্সের সম্ভাব্য সময়কাল :**<br>১২তম ব্যাচ ১ এপ্রিল থেকে ২৯ জুন-২০২৪, প্রশিক্ষণের মেয়াদকাল ৯০ দিন (প্রশিক্ষণার্থীদের চূড়ান্ত তালিকা নির্বাচন করার জন্য কোর্স শুরুর ৩০ দিন পূর্বেই নির্ধারিত ফর্মে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে)। | প্রতি ট্রেডে আসন সংখ্যা ৩০ জন<br>সরকারী বাজেট প্রাপ্তি সাপেক্ষে কোর্সের সময়কাল ও আসন সংখ্যা পরিবর্তন হতে পারে। |

**আবেদনের নিয়মাবলী**

১। আবেদনপত্রটি বিটাক-এর ওয়েবসাইট www.bitac.gov.bd থেকে সংগ্রহ করা যাবে অথবা বিনামূল্যে বিটাক ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বগুড়া ও চাঁদপুর আঞ্চলিক কেন্দ্র থেকে সংগ্রহ করা যাবে। আবেদনপত্রে প্রার্থী/আবেদনকারীকে জরুরি যোগাযোগের জন্য মোবাইল নাম্বার/বিকল্প ফোন নাম্বার অবশ্যই উল্লেখ করতে হবে।

২। আবেদনকারীর যোগ্যতাঃ আবেদনকারীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতার সনদ ন্যূনতম জেএসি বা সমমান, অনলাইন জন্ম নিবন্ধন সনদ বা জাতীয় পরিচয়পত্র, ১ কপি ছবিসহ সকল সার্টিফিকেটের ফটোকপি বরাবর, প্রকল্প পরিচালক, সেপা ফেজ-২ প্রকল্প, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), ১১৬ (খ), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে অথবা সরাসরি জমা দেয়া যাবে।

৩। চূড়ান্ত মনোনীত প্রার্থীকে নির্দিষ্ট ঠিকানায় চিঠি, মোবাইল এসএমএস ও টেলিফোনের মাধ্যমে অবগত করা হবে। নির্বাচিত প্রশিক্ষণার্থীকে ভর্তির সময় তার নিজের ২ (দুই) কপি এবং তার বৈধ অভিভাবকের ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি সাথে আনতে হবে।

৪। যে সকল প্রার্থীদের প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে বিশেষ বিবেচনা করা হয়ঃ (ক) সমাজের অসহায়, হতদরিদ্র ও মেধাবী যুবক ও যুব নারী (খ) বিধবা তালাকপ্রাপ্ত মহিলাদের অগ্রাধিকার দেয়া হয়। (গ) যারা চাকরি করতে ইচ্ছুক।

৫। প্রশিক্ষণে সুযোগ-সুবিধা সমূহঃ (ক) প্রশিক্ষণ ব্যয়, প্রশিক্ষণার্থীদের থাকা-খাওয়া ও যাতায়াত ভাতা ইত্যাদি সরকার কর্তৃক বহন করা হবে। (খ) প্রশিক্ষণ শেষে বিভিন্ন শিল্প কারখানায় চাকুরীর সুযোগ রয়েছে। (গ) প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমের অধীনে আবাসন ব্যবস্থা গ্রহণ সকলের জন্য বাধ্যতামূলক।

প্রকল্প পরিচালক<br>
সেপা ফেজ-২ প্রকল্প<br>
ফোনঃ ০২-৫৫০৩০০৫১<br>
বিটাক, ঢাকা-১২০৮

ডিসি-৯৪/২৪ (১০"×৩)